*Total number of printed pages -7*

# 2024
# BENGALI

**Total Marks : 80** **Time : 3 hours**

**General Instructions :**

*(i) Approximately 15 minutes is allotted to read the question paper and revise the answers.*

*(ii) The question paper consists of 23 main questions.*

*(iii) Internal choice has been provided in some questions.*

*(iv) Write the correct question number in your answer sheet to indicate the option being attempted*

***N.B. : Check to ensure that all pages of the question paper is complete as indicated on the top left side.***

careerindia.com

## বিভাগ – ‘ক’
## পাঠ (Reading)

**1. নিচের পাঠটি মনোযোগ দিয়ে পড় :**

**আনন্দবাজার অনলাইন ডেস্ক :**বেঙ্গালুরু: শেষ আপডেট: ৩০ অগস্ট ২০২৩ ১৪:৩১

চাঁদে এক সপ্তাহ কাটিয়ে ফেলল চন্দ্রযান-৩-এর রোভার প্রজ্ঞান। তার হাতে বাকি আরও এক সপ্তাহ। এর মাঝে ‘অভিযানের সেরা ছবি’ উঠেছে প্রজ্ঞানের ক্যামেরায়। বুধবার টুইটে সেই ছবি প্রকাশ করেছে ইসরো। সেই ছবিতে আসলে ক্যামেরাবন্দি হয়েছে ইসরোর ল্যান্ডার বিক্রম।

ইসরো টুইটে জানিয়েছে, বুধবার সকালেই বিক্রমের একটি ছবি তুলেছে প্রজ্ঞান। একে ‘অভিযানের সেরা ছবি’ (ইমেজ অফ দ্য মিশন) তকমা দিয়েছেন বিজ্ঞানীরা। ছবিটি উঠেছে রোভারের নেভিগেশন ক্যামেরাতে।

ইসরো জানিয়েছে, এই নেভিগেশন ক্যামেরাটি বিশেষ ভাবে চন্দ্রযান-৩-এর জন্যই তৈরি করা হয়েছে। এই ক্যামেরা তৈরি হয়েছে ইলেকট্রো-অপটিক্স সিস্টেমের গবেষণাগারে।

প্রজ্ঞানের ক্যামেরায় তোলা বিক্রমের ছবিতে দেখা যাচ্ছে, চাঁদের অমসৃণ মাটিতে কয়েক হাত দূরে দাঁড়িয়ে রয়েছে ল্যান্ডারটি। ছবিটি বড় করে ইসরো দেখিয়েছে, ল্যান্ডারের নীচে চ্যাস্টে এবং ইলসা

CAREERINDIA

পেলোডদু'টিকেও দেখা যাচ্ছে। পৃথিবীর সময় অনুযায়ী, বুধবার সকাল ৭টা ৩৫ মিনিটে এই ছবিটি তোলা হয়েছে।

এর আগে মঙ্গলবার সন্ধ্যায় ইসরো টুইট করে জানিয়েছিল, চাঁদের দক্ষিণ মেরুর মাটিতে সালফারের উপস্থিতির প্রমাণ পেয়েছে রোভার প্রজ্ঞান। এ ছাড়াও মিলেছে অ্যালুমিনিয়াম, ক্যালসিয়াম, লোহা, ক্রোমিয়াম, টাইটেনিয়াম, ম্যাঙ্গানিজ, সিলিকন, অক্সিজেনের অস্তিত্ব। ইসরো জানিয়েছিল, হাইড্রোজেনের খোঁজ চলছে চাঁদের ওই অঞ্চলে। প্রজ্ঞানে রয়েছে লেজ়ার-ইনডিউসড ব্রেকডাউন স্পেক্ট্রোস্কোপ (এলআইবিএস)। নমুনা সংগ্রহ করে তা লেজ়ার প্রযুক্তির মাধ্যমে পরীক্ষা করে এই প্রযুক্তি। এটিও ইলেকট্রো-অপটিক্স সিস্টেমের গবেষণাগারে তৈরি করা হয়েছে।

গত বুধবার সন্ধ্যা ৬টা ৪ মিনিটে চাঁদের দক্ষিণ মেরুর কাছে নেমেছিল চন্দ্রযান-৩-এর ল্যান্ডার। পরের দিন ভোরে ইসরো জানায়, ল্যান্ডারের পেট থেকে সফল ভাবে বেরিয়েছে রোভার প্রজ্ঞান। সেটি ঘুরে ঘুরে চাঁদের মাটিতে অনুসন্ধান চালাচ্ছে। ছ'চাকা বিশিষ্ট এই রোভারের গতি সেকেন্ডে এক সেন্টিমিটার মাত্র। ১৪ দিন অর্থাৎ এক চন্দ্রদিবস পর্যন্তই তার আয়ু। চাঁদে সূর্য ডুবে গেলে আর এই যন্ত্র কাজ করবে না।

**নির্দেশ অনুসারে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :**

(ক) খবরটি কবে প্রকাশিত হয়েছে? **1**

(i) ৩০ শে আগস্ট (ii) ৩১ শে আগস্ট
(iii) ১ লা সেপ্টেম্বর (iv) ২রা অক্টোবর

(খ) চন্দ্রযান-৩ এর নাম কী? **1**

(i) প্রজ্ঞান (ii) বিজ্ঞান
(iii) প্রতিভা (iv) পৃথ্বী

(গ) বিক্রম কী? **1**

(i) ল্যাণ্ডার (ii) রকেট
(iii) চন্দ্রযান (iv) স্যাটেলাইট

(ঘ) কাকে অভিযানের সেরা ছবির তকমা দেওয়া হয়েছে? যে ক্যামেরায় ছবিটি তোলা হয়েছে, সেটি কোথায় তৈরি করা হয়েছে? **1+1 =2**

(ঙ) ছবিটি কোন বারে তোলা হয়েছে? **1**

(i) সোমবার (ii) মঙ্গলবার
(iii) বুধবার (iv) শুক্রবার

(চ) রোভারটির আয়ু কতদিন? **1**
(i) দশ দিন (ii) বারো দিন
(iii) চোদ্দ দিন (iv) এক মাস

(ছ) ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো : গবেষণাগার **1**

(জ) চাঁদের দক্ষিণমেরুর মাটিতে কোন কোন জিনিসের অস্তিত্ব পাওয়া গেছে? **2**

## বিভাগ – 'খ'
## রচনা ও নির্মিতি (Writing and Composition)

**2. নিচের যে কোনও একটি বিষয় বেছে নিয়ে ১০০ থেকে ১৫০ টি শব্দের মধ্যে উত্তর দাও :**

(ক) তুমি ৭/১ পল্লি, ক্লাব রোড, হায়দ্রাবাদ-১৩-র বাসিন্দা রোহিত/ মেঘা। তোমাদের এলাকায় সরবরাহি জলের কলে বিগত কয়েকদিন ধরে অপরিস্রুত ও অপর্যাপ্ত জল সরবরাহ করা হচ্ছে, সেই বিষয়ে অভিযোগ জানিয়ে 'দ্য হায়দ্রাবাদ টাইমস্'- এর সংবাদপত্রের সম্পাদককে পোস্ট বক্স ৩৫০, হায়দ্রাবাদ- ১ – এই ঠিকানায় একটি চিঠি লেখো। **6**

**অথবা**

(খ) তুমি গুয়াহাটি আসাম উপত্যকা উচ্চ বিদ্যালয়ের পরিবেশবান্ধব ক্লাবের ছাত্র সম্পাদক আদিত্য / সপ্তপর্ণা, গত ২৬শে জানুয়ারি তোমাদের বিদ্যালয়ে উক্ত ক্লাবের উদ্যোগে একটি স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল, সেই বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

**3. ন্যূনাধিক ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের যে কোনও একটি প্রশ্নের উত্তর দাও :**

(ক) তুমি কাটিহার রেলওয়ে স্কুলের সাংস্কৃতিক বিভাগের শিক্ষার্থী সম্পাদক নির্মল/ নম্রতা, তোমাদের স্কুলের 'স্বাধীনতা দিবস' উপলক্ষে আয়োজিত একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের একটি আমন্ত্রনপত্র লেখো। **4**

**অথবা**

(খ) বর্তমান প্রজন্মের অতিরিক্ত সামাজিক মাধ্যমের প্রতি আসক্তি নিয়ে দুই বন্ধু সাহিল ও জাহিদা-র মধ্যে কাল্পনিক সংলাপ লিপিবদ্ধ করো।

CAREERINDIA



## বিভাগ – 'গ'

## ব্যাকরণ ও অনুবাদ (Grammar & Translation)

**4. নিচের বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি বেছে নাও :**

(ক) একাধিক পদ মিলে গঠিত হয় — **1**

(i) সমস্তপদ (ii) সমস্যমান পদ

(iii) পূর্বপদ (iv) উত্তরপদ

(খ) বাচ্য কত প্রকার? **1**

(i) দুই (ii) তিন

(iii) চার (iv) ছয়

(গ) ভাঁড়ে মা ভবানী মানে – **1**

(i) শূন্য ভাণ্ডার (ii) মা দুর্গার ভাণ্ডার

(iii) দশকর্মা ভাণ্ডার (iv) লক্ষ্মীর ভাণ্ডার

(ঘ) 'জয়সূচক উৎসব' কে এককথায় বলে — **1**

(i) জয়ন্তী (ii) জিন্দাবাদ

(iii) জয়গুরু (iv) সঞ্জয়

(ঙ) 'রাজপথ' – এই সমস্তপদটির ব্যাসবাক্য হবে — **1**

(i) রাজার পথ (ii) রাজা নির্মিতি পথ

(iii) রাজা ও পথ (iv) পথের রাজা

**5. বাচ্য নির্ণয় করো :**

(i) কাজটা ভালো দেখায় না। **1**

(ii) কী বিপদেই পড়া গেল! **1**

(iii) আমগুলো পেকে গেছে? **1**

**6. এক কথায় প্রকাশ করো :**

(i) চৈত্র মাসের ফসল **1**

(ii) জানবার ইচ্ছা **1**

**7. ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করো :**

(i) পীতাম্বর **1**

www.careerindia.com

(ii) অগ্রজ 1

(iii) পাঁচফোড়ন 1

**8. সার্থক বাক্যে প্রয়োগ করো :**

(i) সাত খুন মাপ 1

(ii) হিতে বিপরীত 1

**9. বাংলায় অনুবাদ করো :**

(i) What a beautiful house you have! 1

(ii) He spoke very softly. 1

(iii) No need to worry. 1

(iv) Who broke the window? 1

(v) Why are you absent-minded? 1

## বিভাগ – 'ঘ'

## সাহিত্য – গদ্যাংশ ও পদ্যাংশ (Literature)

**10. নিচের বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি বেছে নাও :**

(ক) পরাণ মণ্ডল কে ছিল? 1

(i) জমিদার (ii) কৃষক

(iii) মহাজন (iv) গোমস্তা

(খ) 'অদ্ভুত আঁধার এক' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? 1

(i) ঝরাপালখ (ii) মনবিহঙ্গম

(iii) রূপসী বাংলা (iv) ধূসর পাণ্ডুলিপি

(গ) 'বান' গল্পে কোন পুজোর কথা আছে? 1

(i) মনসা পুজো (ii) গঙ্গা পুজো

(iii) রান্না পুজো (iv) দুর্গা পুজো

(ঘ) 'বাবরের প্রার্থনা' কবিতায় কার জীবনের প্রার্থনা করা হয়েছে? 1

(i) বাবরের (ii) হুমায়ুনের

(iii) সেলিমের (iv) খুরমের

www.careerindia.com

CAREERINDIA



(ঙ) অভাগীর স্বামীর নাম কী? **1**

(i) রসিক বাঘ (ii) অধর রায়

(iii) ঈশ্বর নাপিত (iv) ঠাকুরদাস

**২০-২৫ টি শব্দে নিচের যে কোনও ছ'টি প্রশ্নের উত্তর দাও :**

**11.** "বাজারে দুদ সস্তা হলো।"— কোন পাঠের অংশ? দুধ সস্তা হল কেন? **1+1 =2**

**12.** কালকেতুর ছোট গ্রাসকে কীসের সাথে তুলনা করা হয়েছে? খাওয়ার সময় তার গলা দিয়ে কেমন শব্দ হত? **1+1 =2**

**13.** "পরাণ মণ্ডল আপনাকে শালা বলিয়াছে।" – কে কখন এই অভিযোগ করতো? **2**

**14.** 'বলাই' পাঠ অনুসারে বস্তুত আমরা কোন পদার্থকে মানুষ বলে থাকি? **2**

**15.** কবি বলরাম দাস কার ভক্ত ছিলেন? তাঁর রচিত পদ কোন গ্রন্থে স্থান পেয়েছে? **1+1 =2**

**16.** "কিন্তু গৌরাঙ্গ এলেন না।" – গৌরাঙ্গ কোথায় এলেন না? কেন এলেন না? **1+1 =2**

**17.** তরু কীসের জন্যে কান পেতে ছিল? তরু কীভাবে তার ভাষা ব্যক্ত করত? (1+1 =2)

**কম – বেশি ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের যে কোনও দু'টি প্রশ্নের উত্তর দাও :**

**18.** "– মনে হইল না এ কোন শোকের ব্যাপার —"

(i) কোন পাঠের অংশ? **1**

(ii) লেখকের নাম কী? **1**

(iii) কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে? **2**

**19.** "তার মাঝে নবঘনশ্যাম।" –

(i) কোন কবিতার অংশ? (1)

(ii) নবঘনশ্যাম বলতে কাকে বোঝানো হয়েছে? (1)

(iii) কাদের মাঝে কখন নবঘনশ্যাম ছিলেন? (2)

**20.** "অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ," –

(i) কোন কবিতার অংশ? **1**

(ii) আঁধার 'অদ্ভুত' কেন? **1**

(iii) অদ্ভুত আঁধারে কী কী পরিলক্ষিত হচ্ছে? **2**

www.careerindia.com

CAREERINDIA

**প্রায় ৬০-৯০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :**

**21.** (ক) "দুর হৈতে ফুল্লরা বীরের পাল্য সাড়া।" —

(i) কোন পাঠের অংশ? **1**

(ii) কবির নাম কী? **1**

(iii) কোন মূল কাব্যগ্রন্থ থেকে সংকলিত? **1**

(iv) 'বীর' বলতে কাকে বোঝানো হয়েছে? **1**

(v) বীরের সাড়া পেয়ে ফুল্লরা কী করেছিল? **1**

**অথবা**

(খ) "আমারই বর্বর জয়ের উল্লাসে
মৃত্যু ডেকে আনি নিজের ঘরে?" –

(i) কোন কবিতার অংশ? (1)

(ii) কে এই প্রশ্ন করেছেন? (1)

(iii) কাকে এই প্রশ্ন করেছেন? (1)

(iv) কখন ও কেন বক্তার এরকম মনে হয়েছে? (2)

**22.** (ক) "এর দাম বিশ ঘা জুতো" –

(i) কোন পাঠের অংশ? **1**

(ii) লেখকের নাম কী? **1**

(iii) কে বলেছে? **1**

(iv) কাকে উদ্দেশে করে বলেছে? **1**

(v) কীসের দাম বিশ ঘা জুতো? **1**

**অথবা**

(খ) "তাদের সঙ্গে ওর কী যে একটা বয়স্য ভাব তা ও কেমন করে প্রকাশ করবে?

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) এখানে 'তাদের' বলতে কাদের বোঝানো হয়েছে? (1)

(iii) 'ওর'ই বা কে? (1)

(iv) 'তাদের' ও 'ওর' চিরকালের সম্পর্কটা কী তা আলোচনা কর। (2)

**23.** 'জগদীশচন্দ্র' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। **5**

********************

www.careerindia.com